দৈনিক ইত্তেফাক

তারিখ 03 AUG 1995
পৃষ্ঠা 2 কলাম ৭

58

## কৃষি বিজ্ঞানের প্রভাষক পদ সংখ্যা বৃদ্ধি করা হউক

১৬শ' বিসিএস (বিশেষ)-এর বিজ্ঞপ্তিতে দেখা যায়, কৃষি বিজ্ঞান বিষয়ের প্রভাষকের মাত্র ১১টি পদ পূরণ করা হইবে। এই কৃষি-প্রধান দেশের জন্য ইহা অত্যন্ত দুঃখজনক। কৃষিবিজ্ঞান বিষয়ে প্রভাষকের এত স্বল্পসংখ্যক পদ পূরণের বিজ্ঞপ্তি কৃষি বিদদের মধ্যে ক্ষোভ এবং হতাশার সৃষ্টি করিয়াছে। উল্লেখ্য যে, দেশের অধিকাংশ সরকারী কলেজে এই গুরুত্বপূর্ণ বিষয়টি নাই। যে কয়টি কলেজে এই বিষয়টি আছে সেগুলিতেও এ বিষয় পড়াইবার মত প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নাই। উদ্ভিদ বিজ্ঞানের শিক্ষক দ্বারা পাঠদান করানো হইতেছে। ফলে অনেক ক্ষেত্রেই ছাত্ররা প্রকৃত কৃষি শিক্ষা তথা কৃষির আধুনিক কলাকৌশল ও প্রযুক্তি সম্বন্ধে অজ্ঞাত থাকিয়া যাইতেছে। তদুপরি কৃষি শিক্ষকের অভাবে বোর্ডের প্রশ্নপত্র প্রণয়নের জন্য এবং পরীক্ষক হিসাবেও উদ্ভিদ বিজ্ঞানের শিক্ষকদের নিযুক্ত করা হইতেছে। অথচ দেশে অনেক এম, এস-সি (এজি) পাস বেকার রহিয়াছে। এমতাবস্থায় ১৬'শ' বিসিএস-এর মাধ্যমে পূরণীয় কৃষি বিজ্ঞানের প্রভাষকের পদ সংখ্যা বৃদ্ধি করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

—মোঃ মনিরুল হক, বা,কৃ,বি, ময়মনসিংহ।